৭

দৈনিক ইত্তেফাক AUG. 1 8 1999


GUARANTEED University Admission for Distinction students.

**An opportunity to Study at Universities in UK, USA or world wide in any of these courses**

City & Guilds of London Institute

- B.Sc (Hons.) Computing
- B.Sc (Hons.) Computer Science
- B.Sc (Hons.) Software Engineering
- B.Sc (Hons.) Computer Systems
- B.A. (Hons.) Information Systems
- B.A. (Hons.) Business Info. Technology

*at Universities in UK, USA or world wide*

We have launched a $1\frac{1}{2}$ year mainstream education programme to provide this scope.

Passing this programme allows students from S.S.C to graduates to enter into universities in UK, USA and other countries world wide.

*Admission for 50 students only*

**UK Registered Examination Centre**

ITi

*Get Internationally Qualified*

**House No. 47, Road No. 12A, Dhanmondi Tel. 818441,9116543**


দৈনিক ইত্তেফাক

AUG. 1 8 1999

# নিউজ আপডেট

## এক্সিসের হার্ডওয়্যার প্রশিক্ষণ কেন্দ্র চালু

সম্প্রতি ঢাকার দি এক্সিস প্রাইভেট লিমিটেড বিশেষভাবে হার্ডওয়্যার প্রশিক্ষণ ও কম্পিউটার এসেম্বলিং দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য একটি হার্ডওয়্যার প্রশিক্ষণ কেন্দ্র চালু করেছে। কম্পিউটার ও বেসিক ইলেকট্রনিক্স-এ হাতে-কলমে দীর্ঘমেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে নিজস্ব প্রযুক্তিতে ইউপিএস, ভোল্টেজ স্ট্যাবিলাইজার ইত্যাদি তৈরী, কম্পিউটার এসেম্বলিং ও ট্রাবলশ্যুটিং—এসব কাজে পারদর্শী একদল দক্ষ হার্ডওয়্যার প্রফেশনাল তৈরীই এ কেন্দ্রের মুখ্য উদ্দেশ্য।

গত ১০ই জুন ঢাকার মোহাম্মদপুরে দি এক্সিস টেকনোলজিস নামক এই প্রতিষ্ঠানটির একবছর মেয়াদী হার্ডওয়্যার প্রশিক্ষণ কোর্স শুরু হয়েছে। এ উপলক্ষে এক উদ্বোধনী অনুষ্ঠানেরও আয়োজন করা হয়। অনুষ্ঠানে এক্সিস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মুনিম হোসেন রানা জানান যে, এক্সিস লিমিটেড উন্নত কারিকুলাম ও মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কিছু দিনের মধ্যেই একদল দক্ষ হার্ডওয়্যার প্রকৌশলী গড়ে তুলতে সক্ষম হবে, যারা সহজেই কম্পিউটার ইন্ডাস্ট্রির চাহিদা পূরণ করতে পারবে।'

## টেলিযোগাযোগ অবকাঠামো সংস্কারের দাবীতে বিসিএসের স্মারকলিপি

গত ১২ই আগস্ট বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস)-এর উদ্যোগে দেশে কম্পিউটার ও ইন্টারনেট সম্পর্কিত সার্ভিস উন্নয়নের স্বার্থে টেলিযোগাযোগ মন্ত্রণালয়ে এক বিশেষ সুপারিশমালা ও স্মারকলিপি পেশ করা হয়। সুপারিশমালা পেশ করার সময় বিসিএস নেতৃবৃন্দ ডাক ও টেলিযোগাযোগে সচিবের সাথেও এক তাৎক্ষণিক আলোচনায় মিলিত হন। আলোচনাকালে বিসিএস নেতৃবৃন্দ বলেন যে, টিএন্ডটি'র মনোপলি নীতি ও কারিগরি পশ্চাৎপদতার কারণে দেশে হাইস্পীড ডাটা ট্রান্সফারসহ ইন্টারনেট সার্ভিস প্রদান ইত্যাদি ক্ষেত্রে অত্যন্ত দুঃসহ পরিস্থিতি বিরাজ করছে। বিটিটিবি সরাসরি কোন ভি-স্যাট বা স্যাটেলাইট সার্ভিস প্রদান না করেও আইএসপিদের কাছ থেকে রয়্যালটি বাবদ বিপুল পরিমাণ অর্থ আদায় করছে, যার ফলে দেশে ইন্টারনেট সার্ভিস সম্প্রসারণে প্রতিবন্ধকতার সৃষ্টি হয়েছে। বিসিএস নেতৃবৃন্দ অনতিবিলম্বে টিএন্ডটি-এর রহস্যজনক ভূমিকার পরিবর্তনের দাবী জানান ও হাইস্পীড ডাটা কম্যুনিকেশন অবকাঠামো গড়ে তোলার প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও আলোচনায় এফবিসিসিআই এবং আইএসপি ফোরামের প্রতিনিধিগণও অংশগ্রহণ করেন।

❑ জেসান রহমান